গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

অক্টোবর, ২০২০ মাসে অনুষ্ঠিত জেলা আইন-শৃঙ্খলা কমিটির ভার্চুয়াল সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আবু জাফর বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
সভার তারিখ	১১/১০/২০২০ খ্রি.
সভার সময়	সকাল- ১০.০০ টা।
স্থান	ভার্চুয়াল সভা।
উপস্থিতি	ভার্চুয়াল সভায় সংশ্লিষ্ট সকল।

সভাপতি মহোদয় লালমনিরহাট জেলা আইন-শৃঙ্খলা কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়কে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ</u>
সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা করা হয়।</td><td>কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায়তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়</td><td>অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট</td></tr>
<tr><td>২</td><td><u>সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ সম্পর্কে পর্যালোচনা</u>
(ক) অপরাধ চিত্র সংক্রান্তঃ
<u>সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ সম্পর্কে পর্যালোচনা</u>
(ক) অপরাধ চিত্র সংক্রান্তঃ
<table>
<tr><th>মাসের নাম/সন</th><th>ডাকাতি</th><th>দস্যুতা</th><th>খুন</th><th>দাঙ্গা</th><th>ধর্ষণ</th><th>নারী নির্যাতন</th><th>অপহরণ</th><th>সিঁধেল চুরি</th><th>গরু চুরি</th><th>অন্যান্য চুরি</th><th>মাদকদ্রব্য</th><th>চোরাচালান</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>সেপ্টেম্বর/২০</td><td>--</td><td>--</td><td>১</td><td>--</td><td>১৩</td><td>১৫</td><td>--</td><td>২</td><td>১</td><td>৩</td><td>৬২</td><td>২</td><td>৫৬</td><td>১৫৫</td></tr>
</table></td><td>আসলে তাকে নিকটস্থ থানায় লিখিতভাবে হস্তান্তর করতে হবে। থানা কর্তৃপক্ষ অসুস্থ হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য প্রেরণ করবেন এবং সুস্থ থাকলে আদালতে উপস্থাপন</td><td>১। পুলিশ সুপার, লালমনিরহাট।
২। অধিনায়ক, ১৫ বিজিবি লালমনিরহাট।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।</td></tr>
</table>

আগস্ট/২০	--	--	২-	-	৫	২৫	--	৪	১	৭	৪৫	৩	৬৯	১৬১		
সেপ্টেম্বর/১৯	--	--	২-	-	৬	১৬	১	৫	২	১	১০৭	৩	৭১	২১৪		

আগস্ট মাসের চেয়ে ৬টি মামলা কম এবং পূর্ববর্তী বছরের একই মাসের চেয়ে ৫৯টি মামলা কম। সেপ্টেম্বর মাসে খুন, ধর্ষণ, নারী নির্যাতন বেড়েছে। সভায় পুলিশ সুপার, জানান যে, গত ২২ সেপ্টেম্বর ২০২০ মাসে তারিখে কালীগঞ্জ উপজেলাধীন ভোটমারী ইউনিয়নে খুনের ঘটনা সংঘটিত হয়। ভিকটিম একজন অটো চালক। খুনের ঘটনায় দায়েরকৃত এজাহারে উল্লিখিত আসামী ০৩ জনের মধ্যে ০২ জন আসামী গ্রেফতার হয়েছে। সেপ্টেম্বর ২০২০ মাসে ডাকাতি, দস্যুতা ও অপহরণের কোন মামলা হয়নি।

সভাপতি বলেন যে, কোভিড-১৯ সংক্রমণের পর হতে কিছু কিছু অপরাধ বৃদ্ধি পাচ্ছে। বিশেষ করে নারী নির্যাতন, জমি সংক্রান্ত বিরোধে মারামারি, চুরি, মাদক, ধর্ষণ ও ছিনতাই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান আরও বৃদ্ধিসহ অপরাধ দমন কার্যক্রম জোরদার করতে হবে।

সভাপতি মহোদয় বলেন যে, রাজারহাট-বড়বাড়ী হয়ে তিস্তার পাশ দিয়ে আসা রাস্তাটি দিয়ে মাদকদ্রব্য বেশী পাচার হচ্ছে। পূর্বে সেখানে চেকপোস্ট থাকলেও বর্তমানে কোন চেকপোস্ট নেই। পুলিশ সুপার বলেন যে, কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে অস্থায়ী চেকপোস্ট বন্ধ আছে। তবে টহল অব্যাহত আছে। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট বলেন যে, ফুলবাড়ী রোডে বিজিবির একটি চেকপোস্ট রয়েছে। সভাপতি মহোদয় বলেন যে, ফুলবাড়ী ও রাজারহাটগামী রাস্তায় পুলিশ টহল জোরদার করতে হবে।

সভায় জানানো হয় যে, অনেক সময় দেখা যায়, কিছু গ্রাম পুলিশ মাদক চোরাকারবারে জড়িত। এদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে।

উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সীমান্ত দিয়ে অনেক সময় মানসিক ভারসাম্যহীন লোক চলে আসে।

অধিনায়ক ৫১ বিজিবি বলেন যে, এ ধরণের ঘটনা ২/৩ মাস পর হঠাৎ ঘটে থাকে। তিনি আরও বলেন যে, যারা আসে তারা অনেকেই ভারসাম্যহীন থাকে না। যারা সুস্থ থাকে তাদেরকে পতাকা বৈঠকের মাধ্যমে ফেরত দেয়া হয়। আর যারা মানসিক ভারসাম্য থাকে তাদেরকে নিকটস্থ থানায় সোপর্দ্দ করা হয়ে থাকে।

সিভিল সার্জন, লালমনিরহাট জানান যে, মানসিক ভারসাম্য হয়ে চিকিৎসার প্রয়োজন হলে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেয়া যেতে পারে।

পুলিশ সুপার বলেন যে, থানায় খুব অল্প সময় রাখা যেতে পারে। কিন্তু বেশী সময় রাখা যায় না।

সভাপতি মহোদয় বলেন যে, পুশ ইনের মাধ্যমে কেউ আসলে তাকে নিকটস্থ থানায় লিখিতভাবে হস্তান্তর করতে হবে। থানা কর্তৃপক্ষ অসুস্থ হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য প্রেরণ করবেন এবং সুস্থ থাকলে আদালতে উপস্থাপন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় উপজেলা চেয়ারম্যান পাটগ্রাম জানান যে, তিনবিঘা করিডোর এলাকায় চোরাকারবারী ও মাদকের ব্যবসা বেড়ে গেছে। তিনি সেখানে মাদকের অভিযান জোরদার করার অনুরোধ জানান।

সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট জানান যে, পাটগ্রাম উপজেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি অফিস স্থাপিত হবে। এছাড়াও অধিনায়ক, ১৫ বর্ডারগার্ড জানান যে, বিজিবির একটি আঞ্চলিক অফিস হাতীবান্ধা উপজেলায় স্থাপিত হবে। ফলে পাটগ্রাম ও হাতীবান্ধা এলাকার মাদকসহ চোরাকারবারী অপরাধ কমে আসবে। সভায় এ বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে কুলাঘাট, চন্দ্রপুর, জাওরানী, তিনবিঘা করিডোর ও দহগ্রাম রুটসহ চোরাচালানের রুট গুলোতে অস্থায়ীভাবে চেকপোস্ট স্থাপন করে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে।

করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৭) কুলাঘাট, চন্দ্রপুর, জাওরানী, তিনবিঘা করিডোর ও দহগ্রাম রুটসহ চোরাচালানের রুট গুলোতে অস্থায়ীভাবে চেকপোস্ট স্থাপন করে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রাখতে হবে।

	(খ) টাস্কফোর্সঅভিযান সংক্রান্তঃ	১) জেলা ও উপজেলায় সংশ্লিষ্ট	১। পুলিশ সুপার, ২। অধিনায়ক, ১৫ বিজিবি,

জেলা/ উপজেলার নাম	প্রতি মাসে প্রদত্ত টার্গেট	পরিচালিত টাস্কফোর্স অভিযান আগস্ট/২০	পরিচালিত টাস্কফোর্স অভিযান সেপ্টেম্বর/২০	আটক মামলার সংখ্যা	আটককৃত পণ্য	মন্তব্য
জেলা	৬	-	৩	৩	গাঁজা-৫০০ গ্রাম	
সদর	২	-	-	-	-	-
আদিতমারী	২	-	-	-	-	-
কালীগঞ্জ	২	৮	৬	২	-	-
হাতীবান্ধা	২	-	-	-	-	-
পাটগ্রাম	২	-	-	-	-	-
মোট	-	৮	৯	৫	--	--

টাস্কফোর্স ব্যতীত বিভিন্ন সংস্থা কর্তৃক এককভাবে পরিচালিত অভিযানের তথ্য (সেপ্টেম্বর/২০)

দপ্তরের নাম	সময়	অভিযানের সংখ্যা	মামলার সংখ্যা	আটককৃত পণ্যের নাম
পুলিশ বিভাগ	সেপ্টেম্বর/২০	৩৮	৪১	৩৮টি অভিযানে ভারতীয় শাড়ী-৪৯৯ পিস, প্রসাধনী সামগ্রী-১০১৮ পিস, হেরোইন-০.৬ গ্রাম, গাঁজা-৬৩.৮৫০ কেজি, ইয়াবা-৪৭৪ পিস, চোলাই মদ-২০০ মিঃলিঃ, ফেন্সিডিল-৬৫০ বোতল, ডিস এন্টেনায় ব্যবহৃত এলএমবি-৪৫০টি, মোটর সাইকেল-০২টি
১৫-বিজিবি	সেপ্টেম্বর/২০	৪৫৬০	৫৭	বিদেশী মদ-৫৪ বোতল, গাঁজা- ১৮ বোতল ১৬.০৫ কেজি, ফেন্সিডিল-১৪২১ বোতল, ইয়াবা-৬০৩ পিস, চা-পাতা-৩৪০০ প্যাকেট, কসমেটিকস-৪,৭৭,৫০৪/-, বস্তা-১৭ টি, গরু-১৮টি, বাইসাইকেল-০৪ টি, মোবাইল সেট-০৩ টি, সীম কার্ড-০৩ টি, মোটর সাইকেল-০৩টি, মহিষ-০৯টি, অটো ভ্যান-০২ টি, কাতান শাড়ী-১৬০ টি, ভারতীয় কিটকেট চকলেট-১,০৮০ পিস, ভারতীয় গেঞ্জি-০৬ টি, ভারতীয় বিভিন্ন প্রকার ঔষধ-১,৪১,৪১০/-, টমেটোর বীজ-৪০ প্যাকেট
মাদকদ্রব্য	সেপ্টেম্বর/২০	৮৫	১৯	গাঁজা-০৮ কেজি ৯০ গ্রাম, ফেন্সিডিল-৩৬৬ বোতল ৫০ মি:লি:, টাপেন্ডাল ট্যাবলেট-১০৭ টি, ডায়াজিপাম ইনজেকশন-০৮ এ্যাম্পল, বেনজিম মিথানল টলুইন-২৫ গ্রাম, মোটর সাইকেল-০১টি, তিন চাকা বিশিষ্ট ভ্যান-০১ টি, বাইসাকেল-০১ টি, নগদ অর্থ-৩৩,৪৩০/-
সর্বমোট				

দপ্তর/ সংস্থার সদস্যগণের অংশগ্রহণে টাস্কফোর্স অভিযান পরিচালনা করতে হবে। ২) লক্ষ্যমাত্রা অনুযায়ী ফলপ্রসু ও কার্যকর টাস্কফোর্স অভিযান পরিচাললনা অব্যাহত রাখতে হবে। ৩) ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমানায় নতুন করে যেন পকেট গেট না রাখে এবং নোম্যান্স ল্যান্ডগুলি খালি রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪) বিভিন্ন সংস্থা কর্তৃক এককভাবে অভিযান পরিচালনা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৫) অবৈধভাবে পাথর ও বালু উত্তোলন

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

<table>
<tr><td></td><td></td><td>বন্ধের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
৬) আইন অনুযায়ী পাথর ক্রাশিং মেশিনসমূহ ধ্বংস করতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td>(গ) চোরাচালান মামলা সংক্রান্ত
<table>
<tr><td>জেলার নাম</td><td>গত মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা</td><td>দায়েরকৃত মামরার সংখ্যা</td><td>মোট মামলার সংখ্যা</td><td>নিস্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>বিবেচ্য মাসে অনিষ্পন্ন</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>১২১৫</td><td>১১</td><td>১২২৬</td><td>-</td><td>১২২৬</td></tr>
</table>
বিজ্ঞ পিপি, লালমনিরহাট জানান যে, চোরাচালান আইনে ১২২৬টি মামলার মধ্যে ০১টি মামলা রায়ের জন্য ও ১২২৫টি মামলা সাক্ষীর এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মোট ১৩৯৯টি মামলার মধ্যে ১১টি মামলা রায়ের জন্য ও ১৩৮৮টি মামলা সাক্ষীর জন্য রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে চোরাচালানমামলাসহ অন্যান্য মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করা এবং সাক্ষী আদালতে নিয়মিত হাজির করার উপর গুরুত্ব আরোপ করা হয়।</td><td>১) মাদকদ্রব্যসহ অন্যান্য মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করতে হবে।
২) সাক্ষী আদালতে নিয়মিত হাজির করতে হবে।</td><td>বিজ্ঞ পিপি, লালমনিরহাট</td></tr>
</table>

(ঘ) মোবাইল কোর্ট সংক্রান্তঃ

সভায় এ জেলায় পরিচালিত মোবাইল কোর্ট সংক্রান্ত নিম্নোক্ত তুলনামূলক প্রতিবেদন আগস্ট/২০ ও সেপ্টেম্বর/২০ নিয়ে আলোচনা করা হয়।

জেলা/উপজেলার নাম	প্রমাপ	মোবাইল কোর্টের সংখ্যা		মামলার সংখ্যা		আদায়কৃত জরিমানা		আসামীর সংখ্যা	
		আগস্ট	সেপ্টেম্বর	আগস্ট	সেপ্টেম্বর	আগস্ট	সেপ্টেম্বর	আগস্ট	সেপ্টেম্বর
জেলা	৩৫	৬	৩৫	৩৩	৪৯০	৩৬০০/	৫৮৭৫০/	৩৩	৪৯২
সদর	৫	১৭	২৭	৮১	২৪২	৪২৯৮০/	৪৭২১০/	৮১	২৪২
আদিতমারী	৫	১০	০৯	৭৩	৭৮	৭২৪০০/	২৩৩৫০/	৭৩	৭৮
কালীগঞ্জ	৫	১৩	১৪	৭০	১০১	১০০৭৫০/	২৪৪০০/	৭০	১০১
হাতীবান্ধা	৫	৬	৯	৪৫	৭১	৬০৮০/	৪৩০৭০/	৪৫	৭১
পাটগ্রাম	৫	--	২	--	১০	--	২১০০/	--	১০

১) প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।
২) ডেঙ্গু প্রতিরোধে নির্মানাধীন ভবনগুলোকে পরিষ্কার রাখা এবং পানি নিষ্কাশন ব্যবস্থা যথাযথ রাখতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।
৩) করোনার ২য় ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট অভিযান জোরদার করতে হবে।

১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লালমনিরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)
৪) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)

৩

(ঙ) পণ্যে পাটজাত মোড়কের বা ধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ সংক্রান্তঃ

(ঙ) পণ্যে পাটজাত মোড়কের বা ধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ সংক্রান্তঃ

পণ্যে পাটজাত মোড়কের বা ধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত সেপ্টেম্বর/২০ মাসে নিম্নোক্ত সংখ্যক মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

জেলা/ উপজেলার নাম	মোবাইল কোর্ট পরিচাণা	মামলার সংখ্যা	অর্থদন্ডে দন্ডিত আসামী	কারাদন্ডে দন্ডিত আসমামী	অর্থদন্ড ও কারাদন্ডে দন্ডিত আসমামীর সংখ্যা	জরিমানা আদায়ের পরিমাণ
জেলা	-	-	-	-	-	-
সদর	-	-	-	-	-	-
আদিতমারী	-	-	-	-	-	-
কালীগঞ্জ	-	-	-	-	-	-
হাতীবান্ধা	-	-	-	-	-	-
পাটগ্রাম	-	-	-	-	-	-

১) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ১৭টি পণ্য পাটজাত মোড়কে ব্যবহার নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট লালমনিরহাট।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল)
৪) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)

আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার বিষয়ে আলোচনাঃ

(ক) নারী ও শিশু নির্যাতন সংক্রান্তঃ

সেপ্টেম্বর/২০ মাসে এ জেলায় নিম্নোক্ত সংখ্যক নারী নির্যাতন প্রতিরোধ সেল এর সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলার নাম	এ বছরে নারী নির্যাতন প্রতিরোধ সেলের ত্রৈমাসিক সভার সংখ্যা	বিবেচ্য মাসে নারী নির্যাতন প্রতিরোধ কমিটি কর্তৃক উদ্বুদ্ধমূলক সভার সংখ্যা	বিবেচ্য মাসে কতজন নির্যাতিতা নারীকে সেবা প্রদান করা হয়েছে।
সদর	৩	১	-
আদিতমারী	৩	১	-
কালীগঞ্জ	৩	১	-
হাতীবান্ধা	৩	১	-

১) নারী নির্যাতন প্রতিরোধ সেলের ত্রৈমাসিক সভা নিয়মিত আহ্বান এবং উদ্বুদ্ধমূলক সভার সংখ্যা বৃদ্ধি করতে হবে।

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
২) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লালমনিরহাট।

(খ) লালমনিরহাট জেলায় মহিলা ও শিশু কিশোরী নিরাপদ হেফাজতিদের আবাস (সেফহোম) নির্মাণ সংক্রান্তঃ অভিভাবকহীন নিরাপত্তাহীন নারী/শিশু কিশোরীদের ন্যায় বিচার প্রাপ্তির লক্ষ্যে নিরাপদ আবাসিক সুবিধাসহ ভরনপোষণ, শিক্ষা বৃত্তিমূলক প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, বিনোদন ও পুর্নবাসন সুবিধা সহায়তা প্রদানের লক্ষ্যে লালমনিরহাট জেলায় হেফাজতিদের আবাসন (সেফহোম) কেন্দ্র নির্মাণ প্রয়োজন মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।

১) এ জেলায় হেফাজতিদের আবাসন (সেফহোম) কেন্দ্র নির্মাণের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

উপ পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, লালমনিরহাট।

	(গ) মাদকদ্রব্য সংক্রান্তঃ মাদক প্রতিরোধে সামাজিক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং মাদকসেবীদের কাউন্সিলিং করে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা, পুর্নবাসন, প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী সচেতনতামূলক সভা/সমাবেশ আয়োজন করা ও একটি উপজেলাকে মাদকমুক্ত করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ, মাদকাসক্তদের পুর্নবাসন কেন্দ্র স্থাপন এবং মাদক ব্যবসায়ীদের লাইসেন্সের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১) অবৈধ মদ ব্যবসা রোধকল্পে বৈধ মদ ব্যবসায়ী ও বৈধ মদ্যপায়ীদের নামের তালিকা পুলিশ ও র‍্যাবকে প্রদান করতে হবে এবং এ বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী গোপনীয়তা রক্ষা করবে। ২) মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদেরকে মনিটরিং এর মধ্যে রাখা, মাদক নিয়ন্ত্রণে সমন্বয়ের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ, মাদক প্রতিরোধে প্রতিরোধমূলক ও উদ্বুদ্ধমূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ৩) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)। ৪) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

	(ঘ) ইমামগণের প্রশিক্ষণ সংক্রান্তঃ সভায় ইমামগণ কর্তৃক ইসলামিক বক্তব্যের পাশাপাশি জঙ্গীবাদ, সন্ত্রাস, নাশকতা ও মাদকবিরোধী কুফল এবং দূর্নীতি সম্পর্কে গণসচেতনতার সৃষ্টির লক্ষ্যে লালমনিরহাট সদরে -৫০০টি, আদিতমারীতে-৫০০টি, কালীগঞ্জে-৫০০টি, হাতীবান্ধায়-৫০০টি ও পাটগ্রামে-৫০০টি মসজিদে আলোচনা করা হয়েছে। এছাড়াও কোভিড-১৯ প্রতিরোধ ও সামাজিক দূরুত্বের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে লালমনিরহাট জেলার পাঁচটি উপজেলার ২৫০০টি মসজিদে আলোচনা করা হয়েছে।	১) জঙ্গিবাদ, সন্ত্রাস, নাশকতা ও মাদক বিরোধী বক্তব্য প্রদানের জন্য ইমাম ও বক্তাদের উদ্বুদ্ধ করতে হবে। ২) ধর্মসভায় সরকার বিরোধী বক্তব্য প্রদানে বক্তাদের নিরুৎসাহিত করতে হবে।	উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট।
	(ঙ) সড়ক নিরাপত্তা সংক্রান্তঃ সভায় এ জেলায় সড়ক দুর্ঘটনা প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ, রুট পরমিট/রটপারমিট ছাড়া গাড়ীর তালিকা করণ, গাড়ীতে মাদক পরিবহন রোধ, মাদকসেবী ড্রাইভারদের চিহ্নিতকরণ, সড়ক দুর্ঘটনা প্রতিরোধে চালকগণের প্রশিক্ষণ প্রদান, লাইসেন্স প্রদান প্রক্রিয়া সহজীকরন বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভাপতি মহোদয় অভিযান বৃদ্ধির নির্দেশনা প্রদান করেন। সভায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বলেন যে, অবৈধ সিএনজি, অটোরিক্সা বেড়ে যাওয়ার কারণে প্রায়শই দুর্ঘটনা হচ্ছে। তিনি বলেন যে, সিএনজি ও অটোরিক্সা চালকগণ জানেন না যে, মহাসড়কে এ সকল যানবাহন চলাচল করা নিষিদ্ধ রয়েছে। তাই তিনি উপজেলা পর্যায়ে চালকদের সচেতনতামূলক কর্মশালা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। এ ছাড়াও মহাসড়কে অবৈধ নছিমন করিমন, ভটভটিসহ রেজিস্ট্রেশনবিহীন ও ফিটনেসবিহীন যানবাহন চলাচল বন্ধে অভিযান পরিচালনা জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। সভায় আরও জানানো হয় যে, অটোরিক্সাগুলি এলইডি লাইট ব্যবহারের ফলে সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে এলইডি লাইট ব্যবহার বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার উপর গুরুত্ব আরোপ করা হয়। সভাপতি মহোদয় বলেন যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক স্কাউট সদস্যদের দ্বারা মোটর সাইকেলের হেডলাইট কালি করার কার্যক্রম বাস্তবায়ন হয়নি। তাই তিনি বলেন যে, স্কাউট সদস্যদের মাধ্যমে উপজেলা প্রশাসনের নেতৃত্বে মোটর সাইকেলের হেডলাইটের উপরের অংশে কালি লাগানোর কাজ করতে হবে।	করতে হবে। ৩) রুট পরমিটসহ এবং রুট পারমিট ছাড়া গাড়ীর তালিকা দাখিল করতে হবে। ৪) চালকদের নিয়মিত ডোপ টেস্টের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫) লাইসেন্স প্রক্রিয়া সহজীকরণের অংশ হিসেবে প্রাপ্ত আবেদনের সংখ্যা বিবেচনায় নিয়ে প্রতি মাসে একাধিকবার ড্রাইভিং	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট। ৩) নির্বাহী প্রকৌশলী, সওজ, লালমনিরহাট। ৪) উপজেলা নির্বাহী অফিসার, (সকল)। ৫) সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট।

		লাইসেন্স ইস্যুর লক্ষ্যে পরীক্ষা আয়োজনের ব্যবস্থা নিতে হবে। ৬। মহাসড়কেন থ্রি হুইলার, নছিমন, করিমন, ভটভটি, ইজিবাইক, মোটরচালিত রিক্সা চলাচল বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭) মহাসড়কের পার্শ্বের বাজার সংলগ্ন রাস্তায় যানবাহন দাড়ানোর জন্য গাইডওয়াল নির্মাণ করতে হবে। ৮) এলইডি লাইট ব্যবহার বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	

	(চ) যানজটমুক্ত ও অবৈধ স্থাপনা অপসারন সংক্রান্তঃ জেলা শহরে যানজট মুক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ, রেজিস্ট্রেশন বিহীন অটোরিক্সা চলাচল রোধ, নিয়মিত পরিচ্ছন্ন রাখার বিষয়ও আলোচনা হয়।	১) রেজিস্ট্রেশন বিহীন অটোরিক্সা চলাচল বন্ধ এবং নতুন করে রেজিস্ট্রেশন বন্ধ করতে হবে। ২) মহসড়কের উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে হবে।	১) মেয়র, লালমনিরহাট পৌর সভা। ২) নির্বাহী প্রকৌশলী, সওজ, লালমনিরহাট।
	(ছ) নদ-নদী, খাল-বিল ও জলাশয়-জলাধার মুক্তকরণ সংক্রান্তঃ এ জেলার নদী, নদীর তীর ও ফোরশোর হতে অবৈধ দখল উচ্ছেদ, খাল-বিল, জলাশয়-জলাধারকে দখল ও দূষণমুক্তকরণ, সংরক্ষণ ও উন্নয়ন এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১) এ জেলার নদ-নদী অবৈধ দখলমুক্ত করতে হবে। ২) জেলা নদী রক্ষা কমিটির সভা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
	(জ) চিকিৎসা সংক্রান্তঃ সিভিল সার্জন, লালমনিরহাট এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সেপ্টেম্বর, ২০২০ মাসে প্রাপ্ত পোস্টমর্টেম সংখ্যা- ১০টি। থানায় রিপোর্ট দেয়া হয়েছে- ৬টি। বর্তমানে রিপোর্ট পেন্ডিং ০৪টি। চলতি মাসে ভিকটিম সংখ্যা -১৪টি। থানায় রিপোর্ট প্রদান- ০৮টি। বর্তমানে ০৬ টি রিপোর্ট পেন্ডিং রয়েছে। চলতি মাসে ইনজুরির সংখ্যা- ১৭৬ টি, থানায় রিপোর্ট প্রদান- ১৩৭ টি। বর্তমানে ৩৯ টি রিপোর্ট পেন্ডিং রয়েছে। সভায় পুলিশ সুপার বলেন যে, ধর্ষণের রিপোর্ট অনেক সময় নো কমেন্টস লিখে দেয়া হয়। ফলে মামলা প্রমানে আদালতে সমস্যা হয়। আবাসিক মেডিকেল অফিসার বলেন যে, সুরতহাল রিপোর্টে কোন উল্লেখ না থাকায় পোস্টমর্টেম রিপোর্ট তৈরীতে সমস্যা হয়। পোস্ট মর্টেম ঘরে আলোর ব্যবস্থা না থাকায় পোস্ট মর্টেম করতে সমস্যা হয়। উপজেলা নির্বাহী অফিসার, সদর বলেন যে, পোস্টমর্টেম ঘরে পানির কোন ব্যবস্থা নেই। বিদ্যুতের কোন সংযোগ নেই। এমনকি চলাচলের রাস্তাটি খুবই খারাপ। লাশ নিয়ে পোস্টমর্টেম ঘরে চলাচল খুবই ঝুঁকিপূর্ণ। সভাপতি বলেন যে, মেডিকেল রিপোর্ট দ্রুততার সংগে দিতে হবে এবং ভালভাবে দেখে রিপোর্ট দিতে হবে। পোস্টমর্টেম ঘরে বিদ্যুৎ সংযোগ দ্রুত দিতে হবে। নারীদের লাশ নারী ডাক্তার দিয়ে পোস্টমর্টেম করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মেডিকেল রিপোর্ট সঠিক এবং দ্রুততার সংগে সংশ্লিষ্ট থানার ওসি বরাবর প্রেরণ নিশ্চিত করার উপর পুনরায় গুরুত্ব আরোপ করা হয়। এ জেলার ক্লিনিকের তথ্যঃ <table><tr><td>উপজেলার নাম</td><td>ক্লিনিকের সংখ্যা</td><td>অবৈধ/লাইসেন্সবিহীন ক্লিনিকের সংখ্যা</td><td>গৃহীত ব্যবস্থা</td><td>মন্তব্য</td></tr><tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr><tr><td>সদর</td><td>১০</td><td>-</td><td>-</td><td>-</td></tr><tr><td>আদিতমারী</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr><tr><td>কালীগঞ্জ</td><td>১</td><td>-</td><td>-</td><td>-</td></tr></table>	১) অবৈধ/লাইসেন্সবিহীন ক্লিনিক আইনের আওতায় নিয়ে আসতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২) স্বাস্থ্যসেবার মানোন্নয়নে ভেজাল ঔষধ নিয়ন্ত্রণ; অবৈধ ক্লিনিক উচ্ছেদ; অপচিকিৎ	১) সিভিল সার্জন, লালমনিরহাট। ২) মেয়র, লালমনিরহাট। পৌরসভা। ৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট। ৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

হাতীবান্ধা	১	-	-	-
পাটগ্রাম	-	-	-	-
সর্বমোট	১২	-	-	-

সা প্রতিরোধ; ভেজাল ও মেয়াদউত্তীর্ণ ঔষধ বিক্রয় রোধ; বেবী ফুড এর প্রচার বন্ধ ও নিরাপদ খাদ্য আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনাস হ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। ধর্ষণসহ বিভিন্ন মামলার সাথে সংশ্লিষ্ট ভি কটিমের মেডিকেল রিপোর্ট সঠিক এবং দ্রুততার সংগে সংশ্লিষ্ট থানার অফিসার-ইন-চার্জ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। ৪। অবৈধভাবে আমদানীকৃত ঔষধ যেন ডাক্তারগণ রোগীদের ব্যবস্থাপত্রে লিপিবদ্ধ না করেন সে বিষয়টি

		নিশ্চিত করতে হবে। ৫। ধর্ষণ পরীক্ষার রিপোর্ট ও পোস্টমর্টেম নারী ডাক্তার দিয়ে করতে হবে। ৬) পোস্টমর্টেম ঘরে বিদ্যুৎ সংযোগ দিতে হবে। ৭) পোস্ট মর্টেম ঘর ও যাতায়াতের রাস্তা দ্রুত মেরামত করতে হবে।	
	গ্রাম আদালতঃ সভায় গ্রাম আদালতের মামলার বিষয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, এ জেলায় গ্রাম আদালতের সংখ্যা ৪৫টি। উপজেলা ভিত্তিক মামলার বিবরণী : সেপ্টেম্বর, ২০২০ মাসের গ্রাম আদালতের মামলা পর্যালোচনায় দেখা যায়, ০৫টি উপজেলায় ৫৫৫টি মামলার মধ্যে সেপ্টেম্বর ২০২০ মাসে ১৪১টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৪১৪টি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) গ্রাম আদালতের অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ২) গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির হার বাড়াতে হবে।	১) উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, লালমনিরহাট ২. উপজেলা নির্বাহী অফিসার ((সকল) ২) ইউপি চেয়ারম্যান (সকল)।

ক্রঃ নং	মামলার জের	বিবেচ্য মাসে দায়ের	মোট মামলা	চলতি মাসে নিষ্পত্তি	অনিষ্সপন্ন মামলার সংখ্যা
সদর	১১৮	৫৯	১৭৭	৩৩	১৪৪
আদিতমারী	২৪	৬	৩০	১৫	১৫
কালীগঞ্জ	১০৬	২৮	১৩৪	২৫	১০৯
হাতীবান্ধা	১০৯	২৯	১৩২	২৬	১০৬
পাটগ্রাম	১১১	০২	১১৩	০৪	১০৯
সর্বমোট	৪২৫	১৩০	৫৫৫	১৪১	৪১৪

৫	বিবিধঃ (ক) সভায় বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বলেন যে, করোনার ২য় ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।। মাস্ক ব্যবহারে মোবাইল কোর্ট অব্যাহত রয়েছে। সুশীল সমাজসহ সকলের সহযোগিতা ছাড়া মাস্ক ব্যবহার নিশ্চিত করা যাবে না। সভাপতি বলেন যে, কেউ মাস্কবিহিন থাকলে পুলিশকে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে। মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে। মাস্ক ব্যবহার নিশ্চিতকরণে মোবাইল কোর্ট অভিযান জোরদার করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট অভিযান জোরদারসহ পুলিশের তৎপরতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।	করোনার ২য় ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার নিশ্চিত করার জন্য মোবাইল কোর্ট অভিযান জোরদারসহ পুলিশের তৎপরতা বৃদ্ধি করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
	(খ) সভায় পুলিশ সুপার, লালমনিরহাট বলেন যে, অপরাধী সনাক্ত কাজে সিসি ক্যামেরা খুবই গুরুত্বপূর্ণ। যে সকল সিসি ক্যামেরা আছে সেগুলি নিয়মিত পরীক্ষা করে দেখতে হবে সচল আছে কিনা। শহর অঞ্চলে এবং বাজারে সিসি ক্যামেরা বৃদ্ধি করা হলে অপরাধ অনেকাংশে কমে আসবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে শহর অঞ্চলে ও বাজারে সিসি ক্যামেরা স্থাপনের উপর গুরুত্ব আরোপ করা হয়।	স্থাপিত ক্যামেরা সচল রাখাসহ শহর অঞ্চলে ও বাজারে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

	(গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ জানান যে, কালীগঞ্জ উপজেলার সকল নৈশপ্রহরীদের ডেকে আলোচনা করা হয়েছে। সেখানে অফিসার ইন চার্জ, কালীগঞ্জ থানা উপস্থিত ছিলেন। আলোচনা সভায় সকল নৈশপ্রহরীদেরকে রাত্রিকালীন দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশ দেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি মহোদয় বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারগণ আকস্মিকভাবে রাত্রিকালীন ভিজিট করে নৈশ প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করে কিনা তা নিশ্চিত করতে হবে এবং আগামী সভার পূর্বে প্রতিবেদন দিতে হবে। আলোচনান্তে নৈশপ্রহরীদের উপর নজরদারি বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।	১) অফিসের নৈশ প্রহরীদের উপর নজরদারি বৃদ্ধি করতে হবে। ২) উপজেলা নির্বাহী অফিসারগণ আকস্মিক ভাবে রাত্রিকালীন ভিজিট করে নৈশ প্রহরীগণ সঠিকভাবে দায়িত্ব পালন করেন কিনা সে বিষয়ে আগামী সভার পূর্বে প্রতিবেদন দিতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
	(ঘ) পুলিশ সুপার, লালমনিরহাট বলেন, করোনাকালীন সময়ে প্রায়শই দেখা যায়, কিছু ব্যক্তি বা সংগঠন সামান্য ইস্যুতেই জেলা ও উপজেলায় মানব বন্ধন করছে। এতে করোনার ঝুঁকি বাড়ছে। মানব বন্ধনের বিষয়ে প্রশাসনকে অবহিত না করেই এবং করোনা ঝুঁকির মধ্যেই মানব বন্ধন করা বে-আইনি কাজ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে বিধি ভংগ করে যাতে কেউ মানব বন্ধন করতে না পারে সে দিকে নজরদারি বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করা হয়।	করোনা কালীন সময়ে বিধি ভংগ করে যাতে কেউ মানব বন্ধন করতে না পারে সে দিকে নজরদারি বৃদ্ধি করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবু জাফর
বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০১.১৬.৭৫৯ তারিখ: ১৭ কা।৩ক ১৪২৭

০২ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়,, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) জনাব মোঃ মোতাহার হোসেন, মাননীয় সংসদ সদস্য,, আসন নং- ১৬, লালমনিরহাট- ০১।

৪) জনাব জি এম কাদের, মাননীয় সংসদ সদস্য, আসন নং- ১৮, , লালমনিরহাট- ০৩।

৫) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

৬) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর

৭) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট

৮) অধিনায়ক, ১৫/৫১/৬১ বর্ডারগার্ড, লালমনিরহাট/রংপুর/তিস্তা ব্যারেজ-২।

৯) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট

১০) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

১১) তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল,, লালমনিরহাট।

১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমনিরহাট সদর, লালমনিরহাট

১৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট

১৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালীগঞ্জ, লালমনিরহাট

১৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাতীবান্ধা, লালমনিরহাট

১৬) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, লালমনিরহাট

১৭) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাটগ্রাম, লালমনিরহাট

১৮) উপ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট

১৯) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

২০) নির্বাহী প্রকৌশলী, নেসকো লিমিটেড,, লালমনিরহাট।

২১) নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, লালমনিরহাট

২২) জেলা শিক্ষা অফিসার,, লালমনিরহাট।

২৩) উপ পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর।

২৪) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, লালমনিরহাট

২৫) বিভাগীয় রেলওয়ে ম্যানেজার,, লালমনিরহাট।

২৬) জেল সুপার, জেলা কারাগার,, লালমনিরহাট।

২৭) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,, লালমনিরহাট।

২৮) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়,, লালমনিরহাট।

২৯) মেয়ার, পাটগ্রাম পৌরসভা,, লালমনিরহাট।

৩০) সহকারী কমিশনার, কাস্টমস এন্ড এক্সসাইজ, বুড়িমারী স্থলবন্দর,, পাটগ্রাম, লালমনিরহাট।

৩১) উপজেলা শিক্ষা অফিসার,, ----------(সকল), লালমনিরহাট।

৩২) অফিসার ইন চার্জ,, ----------(সকল থানা), লালমনিরহাট।

৩৩) মোটরযান পরিদর্শক, সহকারী পরিচালক (ইঞ্জি:)-এর কার্যালয়, বিআরটিএ,লালমনিরহাট সার্কেল, লালমনিরহাট

৩৪) ম্যানেজার, পল্লী বিদ্যুত সমিতি,, লালমনিরহাট

৩৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বুড়িমারী ইমিগ্রেশন, পাটগ্রাম,, লালমনিরহাট।

৩৬) বিজ্ঞ পিপি,, লালমনিরহাট।

৩৭) ইউপি চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ,.....লালমনিরহাট।

৩৮) ----------,, ----------, রংপুর/লালমনিরহাট।

৩৯) জনাব----------, পাটগ্রাম, লালমনিরহাট।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট